যুগান্তর

তারিখ 1 0 JUN 2008
পৃষ্ঠা ৪ কলাম ৫

## শিক্ষাখাতে মাথাপিছু বরাদ্দ বাড়ান

প্রতি বছর শিক্ষার অর্থসংস্থান বা অর্থায়নের জন্য সরকার জাতীয় বাজেটে শিক্ষা খাতে অর্থ বরাদ্দ করে। বাংলাদেশে শিক্ষা খাতে এ অর্থ পর্যাপ্ত নয়। পৃথিবীর বিভিন্ন দেশের তুলনায় শিক্ষা খাতে বাংলাদেশের অর্থায়ন নিম্ন পর্যায়ে রয়ে গেছে। বাংলাদেশে শিক্ষা খাতে সরকারি অর্থায়ন মোট জিডিপির ২.৫%। এ হার আমাদের প্রতিবেশী দেশগুলোর তুলনায় সবচেয়ে কম। শ্রীলংকা, পাকিস্তান, ভারত ও নেপালে এ হার যথাক্রমে ৪.৫%, ৩.৫%, ৪% এবং ৩.৫%। শিক্ষা মানবসম্পদ উন্নয়নে প্রধানতম উপায় হলেও বাংলাদেশে শিক্ষায় অর্থায়ন এখনও নৈরাশ্যজনক অবস্থায় রয়ে গেছে। উন্নয়ন অর্জন করতে হলে উৎপাদক শক্তি বৃদ্ধি করতে হবে। এ জন্য শিক্ষা ও স্বাস্থ্য প্রধান উপাদান। শিক্ষা ও স্বাস্থ্যে মাথাপিছু বিনিয়োগের পরিমাণ বাংলাদেশে ৫ ডলার, পাকিস্তানে ১০ ডলার, ভারতে ১৪ ডলার, মালয়েশিয়ায় ১৫০ ডলার ও দক্ষিণ কোরিয়ায় ১৬০ ডলার। ইউনেস্কো উন্নয়নশীল দেশগুলোর ৮ ভাগ অর্থ শিক্ষা খাতে বিনিয়োগের সুপারিশ করেছে। বাংলাদেশের জাতীয় শিক্ষা কমিশন ও কমিটিগুলোর প্রতিবেদনেও বাংলাদেশে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের পরিমাণ ক্রমে বৃদ্ধি করার সুপারিশ করা হয়েছে। যত দ্রুত সম্ভব এ পরিমাণ জিডিপির ৭ ভাগে উন্নীত করার কথা বলা হয়েছে। শিক্ষার মান উন্নয়নে বাজেটে এ খাতে বরাদ্দ বাড়ানোর অনুরোধ জানাচ্ছি।

**মোঃ মাহফুজুর রহমান মানিক**
*শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাবি*